দৈনিক আমাদের সময়

তারিখ ২৭ DEC 2017 পৃষ্ঠা ১২ কলাম ৬

# ৬ কোচিং সেন্টারের লাইসেন্স বাতিল

নিজস্ব প্রতিবেদক ●

অবৈধ ও অননুমোদিত বিলবোর্ড, পোস্টার, ফেস্টুন এবং ওভারহেড সাইনবোর্ড অপসারণ না করায় ছয় কোচিং সেন্টারের ট্রেড লাইসেন্স বাতিল করেছে ঢাকা উত্তর সিটি করপোরেশন (ডিএনসিসি)। গতকাল এক সংবাদ বিজ্ঞপ্তি দিয়ে ডিএনসিসি কর্তৃপক্ষ এ তথ্য জানায়। ট্রেড লাইসেন্স বাতিল হওয়া কোচিং সেন্টারগুলো হচ্ছে ফার্মগেট এলাকার ইউসিসি, ইউনিএইড, আইকন, আইকন প্লাস, ওমেগা ও প্যারাগন।

বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে– অবৈধভাবে পোস্টার লাগানোর বিষয়ে কোচিং সেন্টারগুলোকে আগেই সতর্ক করা হয়েছিল। তা ছাড়া বিভিন্ন সময় দেয়াল লিখন ও পোস্টার নিয়ন্ত্রণ আইন এরপর পৃষ্ঠা ৬, কলাম ৩

## ৬ কোচিং সেন্টারের

(শেষ পৃষ্ঠার পর) অনুযায়ী বিভিন্ন কোচিং সেন্টারের বিরুদ্ধে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা হয়। এর পরও সংশোধন না হওয়ায় সিটি করপোরেশন (ট্যাক্সেশন) রুলস-১৯৮৬ অনুযায়ী, ছয় কোচিং সেন্টারের ট্রেড লাইসেন্স বাতিল করা হয়।

ডিএনসিসির প্রধান রাজস্ব কর্মকর্তা রবীন্দ্র শ্রী বড়ুয়া বলেন, দৃষ্টিদূষণের অভিযোগে ডিএনসিসির বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ এসব কোচিং সেন্টারের বিরুদ্ধে রাজস্ব বিভাগকে ব্যবস্থা নিতে অনুরোধ করেছিল। আমাদের কাছে একটা রিকুইজিশন দিয়েছিল এসব প্রতিষ্ঠানের বিরুদ্ধে ব্যবস্থা নিতে।

তিনি আরও বলেন, বর্জ্য ব্যবস্থাপনা বিভাগের সঙ্গে কোচিং সেন্টারগুলোর বৈঠকও হয়েছিল। পোস্টার-ব্যানার সরিয়ে নেওয়ার ওয়াদা করেও তারা রক্ষা করেনি। এমনকি মাসখানেক আগে এসব কোচিং সেন্টারের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হলেও বিষয়টি তখন সংবাদমাধ্যমকে জানানো হয়নি।